জীবননগরে কচুরিপনার মধ্যে থেকে অজ্ঞাত ব্যক্তির কঙ্কাল উদ্ধার

চুয়াডাঙ্গা-জীবননগর সীমান্তের বিল থেকে অজ্ঞাতনামা একটি কঙ্কাল উদ্ধার করা হয়েছে। গতকাল শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে জীবননগর উপজেলার মেদেনীপুর গ্রামের ঘাড়কাটি বিলের কচুরিপানার ভেতর থেকে ওই কঙ্কাল উদ্ধার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মামুন হোসেন বিশ্বাস।

স্থানীয়ারা জানান, মেদেনীপুর গ্রামের শহিদুল বিশ্বাস বলেন, গতকাল শনিবার দুপুরে মাছ ধরতে ঘাড়কাটি বিলে জাল পাততে যান। এসময় বিলের কচুরিপানার ভেতরে একজনের কঙ্কাল দেখতে পান। তিনি বিষয়টি মাঠে কর্মরত কৃষকদের জানান। পরে খবর পেয়ে স্থানীয় বিজিবির সদস্যরা ও জীবননগর থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। পুলিশ ওই কঙ্কাল উদ্ধারের কার্যক্রম চালাচ্ছেন।

সীমান্ত ইউনিয়নের হাবিবপুর গ্রামের মৃত আব্দুল খালেকের ছেলে আব্দুস সবুর বলেন, সুজন আলী আমার আপন ছোট ভাই। আমার ভাই জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলের সহকারী শিক্ষক হিসাবে দায়িত্ব পালন করে আসছিলেন। আমার ভাই গত ৬ অক্টোবর সন্ধ্যায় জীবননগর পৌর এলাকার গোপালনগরের ভাড়া বাসা থেকে নিখোঁজ হয়। লাশটির বেশির ভাগ অংশ পচে গলে যাওয়ায় সহজে সনাক্ত করা সম্ভব হয়নি। লাশটি পচেগলে কঙ্কালে পরিনত হয়েছে। তবে আমার ভাই অনেক আগে ফুটবল খেলতে যেয়ে হাতে আঘাত লাগে হাতের মধ্যে রড দেওয়া ছিল ।বিল থেকে যে লাশটি উদ্ধার হয়েছে তার শরীরে থাকা সার্জিক্যাল রড দেখে আমাদের মনে হচ্ছে লাশটি আমার ভাই সুজন আলীর হবে ।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মামুন হোসেন বিশ্বাস বলেন, গতকাল শনিবার দুপুরে মেদেনীপুরের ঘাড়কাটি বিলের মাঠে একটি কঙ্কাল উদ্ধার করা হয়েছে। তার পরিচয় সম্পর্কে আমরা নিশ্চিত নয়। সুরতহাল প্রতিবেদন তৈরির কাজ চলছে। সিআইডি ও পিবিআই পুলিশকে খবর দেয়া হয়েছে। তারা ঘটনাস্থলে এসে কঙ্কালের পরিচয় ও ঘটনার রহস্য উদঘাটনে কাজ করবে।

জীবননগরে নিখোঁজের স্কুল শিক্ষকের সন্ধান পেতে মানববন্ধন

চুয়াডাঙ্গার জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলের শিক্ষক ৪দিন যাবৎ নিখোজ সন্ধান পেতে শিক্ষক শিক্ষাথীদের মানববন্ধন।

আজ বৃহস্পতিবার বিকাল ৫টার সময় জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলের আয়োজনে জীবননগর বাসষ্ট্রান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

নিখোঁজ স্কুল শিক্ষক সুজন হোসেন (৩১) জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হাবিবপুর গ্রামের আব্দুল খালেকের ছেলে। এ ঘটনায় নিখোঁজ স্কুল শিক্ষকের বড় ভাই জীবননগর থানায় একটি সাধারন ডায়েরী (জিডি)করেছেন।

পারিবারিক সূত্রে জানা যায়, সুজন হোসেন দীর্ঘ ১৩ বছর ধরে জীবননগর শহরে থাকেন।এবং গোপালনগরে ৯ বছর ধরে বাসা ভাড়া করে থাকেন। কিন্তু কোনদিন কারো সাথে কোন ঝামেলা হয়েছে এমন কথা কখনও শুনতে পাইনি। সুজন জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলে শিক্ষকতা করেন এর পাশাপাশি টিউশনি করান। আর ছাত্রদের নিয়ে মাঝে মাঝে খেলাধুলা করতেন। হঠাৎ শুনি তাকে খুজে পাওয়া যাচ্ছে না। তার স্কুলের শিক্ষকরা তাকে খুজে না পেয়ে গ্রামের বাসায় আসে। তারপর জানতে পারি সুজন নিখোজ রয়েছে। পরিবারের সবাই খোজাখুজি করেও তার কোন সন্ধান পাচ্ছি না।

সুজনের ভাগ্নে রানা বলেন, গত রবিবার (৬ অক্টোবর) বিকালে স্কুল থেকে তিনি বাসায় ফেরেন, খাবারের জন্য রাইস কুকারে ভাত রান্নায় বসিয়ে ছিলেন। ঘরের ভিতরে তার একটি নষ্ট ও সচল মোবাইল চার্জে পাওয়া যায় তবে মোবাইল দুটোর একটাও সিম ছিলোনা। পরিচিত সকলের মাধ্যমে খোঁজাখুঁজির পর কোথাও তার সন্ধান না পেয়ে পরে বিষয়টি পুলিশকে জানানো হয়। গত বুধবার সকালে একজন মোবাইলে কল করে জানান, তাকে ঢাকায় রক্তাক্ত অবস্থায় পাওয়া গেছে। আমরা গাড়ি নিয়ে যাওয়ার প্রস্তুতি নিচ্ছি। এর মধ্যে তিনি আবার ফোন দিয়ে রক্তের

গ্রুপ জেনে নিলেন, কিছুক্ষন পর জুরুরি চিকিৎসা বাবদ টাকা দাবি করেন বিষয়টি পুলিশকে জানানোর পর থেকে তাদের মোবাইল বন্ধ পাচ্ছি।

জীবননগর পৌর কিন্ডার গার্টেন স্কুলের প্রধান শিক্ষক মোঃ আলাউদ্দিন বলেন, গত সোমবার সকালে তিনি স্কুলে যায়নি, মঙ্গলবারও না গেলে তখন স্কুলের শিক্ষকরা তার মোবাইলে যোগাযোগ করেন কিন্তু বন্ধ পাই। শিক্ষকরা তখন সুজনের গ্রামের বাসায় যেয়ে বিষয়টা জানান। ৪দিন পার হয়ে গেলেও এখনও পযন্ত তার কোন সন্ধান পাওয়া যায়নি ।
এদিকে মানববন্ধনে বক্তব্য রাখেন, জীবননগর উপজেলা কিন্ডার গার্টেন অ্যাসোসিয়েশনের সভাপতি মোঃ আঃ মোতালেব, প্রাইড প্রি ক্যাডেট স্কুলের প্রধান শিক্ষক মাসুদ পারভেজ রানা প্রমুখ।

জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) মামুন হোসেন বিশ্বাস বলেন, এই ঘটনায় নিখোঁজের বড় ভাই থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। আমরা সকল থানায় বিষয়টি জানিয়ে দিয়েছি। আশা করি খুবই দ্রুত তার সন্ধান পাওয়া যাবে।

জীবননগরে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জীবননগর বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । আজ শনিবার সকাল ১০ টার সময় বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন জীবননগর উপজেলা শাখার আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে জীবননগর পৌর শহরের মেইন বাস স্ট্যান্ড চত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আদর্শ শিক্ষক ফেডারেশন জীবননগর উপজেলা শাখার সভাপতি

মাওলানা সাইদুর রহমানের সভাপতিত্বে র্যালি ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন, জীবননগর ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আব্দুল খালেক, উথলী কলেজের প্রভাষক, আসা দা মাধ্যমিক বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক আহমদুল হক তুহিনসহ জীবননগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

জীবননগরে অষ্টম ও নবম শ্রেণির বার্ষিক পরীক্ষায় শর্ট সিলেবাসের দাবিতে মানববন্ধন

এক দফা, এক দাবি অষ্টম ও নবম শ্রেণির বার্ষিক পরীক্ষার যৌক্তিক শর্ট সিলেবাস চাই এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জীবননগর উপজেলায় শিক্ষার্থীরা মানববন্ধন কর্মসূচি পালন করেছে।

আজ রবিবার সকাল ১০ টায় জীবননগর বাস স্ট্যান্ড চত্বরে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ মানববন্ধনে অংশ নেয় তিনটি মাধ্যামিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। এ সময় শিক্ষার্থীরা জীবননগর শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষণ করে মুক্তমঞ্চে একত্রিত হয়। শিক্ষার্থীরা বিভিন্ন স্লোগানের মাধ্যমে তারা তাদের দাবি তুলে ধরেন।

শিক্ষার্থীদের পক্ষে মোছাঃ শোভা খাতুন বলেন, সারা দেশের ন্যায় আমাদের জীবননগরেও এই মানববন্ধন অনুষ্ঠিত হচ্ছে। এই মানববন্ধনের মাধ্যমে প্রধান উপদেষ্টার কাছে আবেদন করছি আমাদের অষ্টম ও নবম শ্রেণীর সিলেবাস শর্ট করার জন্য।

শিক্ষার্থীদের পক্ষে নাইম বলেন, অষ্টম ও নবম শ্রেণীর শর্ট সিলেবাস জন্য আমরা মানববন্ধন করছি। অতি দ্রুত আমাদের বার্ষিক পরীক্ষার শর্ট সিলেবাস প্রকাশ না করা হয়। তাহলে আমরা রাজপথে কঠোর আন্দোলনে নামবো।

শিক্ষার্থীদের পক্ষে মাহিম বলেন, আমরা আমাদের এক দফা এক দাবি

নিয়ে রাস্তায় নেমেছি। এতে অনেকে খারাপ বলবে, অনেকে ভালো বলবে। কিন্তু আমরা জানি এই শর্ট সিলেবাস আমাদের জন্য কতটা প্রয়োজন।

জীবননগর সীমান্ত ইউনিয়নে রাস্তা সংস্কার করলেন জামায়াতের নেতাকর্মীরা

চুয়াডাঙ্গায় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়ন জামায়েত ইসলামের উদ্যোগে এক কিলোমিটার রাস্তা সংস্কার করা হয়েছে।ইউনিয়নের ২নং ওয়ার্ডের ১ কিলোমিটার রাস্তাটি সংস্কারের অভাবে তিন গ্রামের প্রায় ৬ হাজার মানুষের দুর্ভোগ পোহাতে হতো।

আজ শুক্রবার সকাল ১০ টায় সীমান্ত ইউনিয়ন জামায়েত ইসলামের উদ্যোগে জামায়াতের নেতাকর্মীরা গ্রামবাসীর সহযোগিতায় রাস্তাটির সংস্কার করেন। জামায়াত ইসলামের নেতাকর্মীদের সূত্রে জানা যায়,সীমান্ত ইউনিয়ন ২নং ওয়ার্ডের গোয়ালাপাড়া প্রাইমারি স্কুলের পাশ হতে এক কিলোমিটার রাস্তা বছরের পর বছর সংস্কারের অভাবে চলাচলে অনুপযোগী হয়ে পড়ে।

যার কারণে তিন গ্রামের মানুষসহ দুইটা প্রাইমারি স্কুল, তিনটা মাদ্রাসা, একটি বিনোদন কেন্দ্রে প্রতিদিন কয়েক হাজার মানুষ চলাচল করে। কিন্তু সংস্কারের অভাবে রাস্তাটি চলাচলের অনুপযোগী হাওয়াই প্রায় ৬ হাজার মানুষের দুর্ভোগ পোহাতে হচ্ছে।বিষয়টি জামায়াত ইসলামের নেতাকর্মীদের নজরে এলে তাঁরা বারবার কর্তৃপক্ষকে বলার পরেও রাস্তাটি সংস্কার হয় না। ফলে সবাই মিলে ইট-বালু দিয়ে রাস্তা সংস্কার করে, মানুষের জন্য চলাচলের উপযোগী করে তোলেন।এসময় উপস্থিত ছিলেন, সীমান্ত ইউনিয়ন আমির মাওলানা মোঃ আবু বক্কর সিদ্দিক, সেক্রেটারী আলা উদ্দীন, সহসেক্রেটারী মোঃ জালাল উদ্দীন, সহসেক্রেটারী মোঃ জহুর আলম, আরো উপস্তিত ছিলেন সীমান্ত ইউনিয়নের ২নং ওয়ার্ড নেতৃবৃন্দ।

জীবননগর সীমান্ত ইউনিয়ন বিএনপির কর্মী সমাবেশ

জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের ২নং ওয়াড বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল ৩টার সময় সীমান্ত ইউনিয়নের ২নং ওয়াড বিএনপির আয়োজনে গোয়ালপাড়া সিরাজ মিয়ার বাড়ির সামনে এ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

সীমান্ত ইউনিয়ন পরিষদের সাবেক মেম্বার আব্দুস সামাদের সভাপতিত্বে কর্মী সমাবেশ সংস্থানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক শাজাহান আলী।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ৪ নাম্বার সীমান্ত ইউনিয়ন বিএনপির সভাপতি ওসমান গনি, সাধারণ সম্পাদক বদর উদ্দিন বাদল, সহ-সভাপতি বিপ্লব রহমান, সাংগঠনিক সম্পাদক আইয়ুব আলী, যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান হাসান টিটু, ২নং ওয়াড বিএনপির সভাপতি হাফিজুল ইসলাম, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, সহ-সভাপতি শহীদ মন্ডল, সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক সুমন মোল্লা, সীমান্ত ইউনিয়ন ছাত্রদলের সহ-সভাপতি শামীম রেজা প্রমুখ।

জীবননগরে শ্রমিক কল্যাণ ফেডারেশনের কর্মী সমাবেশ

জীবননগরের শ্রমিক কল্যাণ ফেডারেশনের কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকালে জীবননগর কলেজ মাঠে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন, জীবননগর উপজেলা শাখার উদ্যোগে কর্মি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা শাখার সভাপতি শ্রমিক নেতা আতিয়ার রহমানের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমির ও শ্রমিক কল্যাণ ফেডারেশনের প্রধান উপদেষ্ঠা এডভোকেট রুহুল আমীন।

এতে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, জেলার অন্যতম উপদেষ্টা এডভোকেট আসাদুজ্জামান, শ্রমিক ফেডারেশনের চুয়াডাঙ্গা জেলা সভাপতি মাওলানা ইসরাইল হোসেন, উপদেষ্টা জিয়াউল হক, মাওলানা সাজেদুর রহমান, জেলা সেক্রেটারী মাহফুজুর রহমান, অধ্যক্ষ সাখাওয়াত হোসেন, ইমাম আশাবুল হক, হাফেজ ফিরোজ হোসেন, সাংবাদিক মাজেদুর রহমান লিটন, ব্যবসায়ী জাহিদুর রহমান, উপজেলা সেক্রটারি শ্রমিক নেতা সুলতান আহাম্মদ, মাওলানা মফিজুর রহমান, ইউপি সদস্য আরেফিন হোসেন, শ্রমিক নেতা সিরাজুল ইসলাম ও মাহবুব হোসেন প্রমুখ। অনুষ্ঠান পরিচালনা করেন শ্রমিক নেতা ইব্রাহিম খলিল।

জীবননগরে গাঁজাসহ মাদকব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও বিজিবির যৌথ অভিযান চালিয়ে ১ কেজি গাঁজাসহ ফারুক হোসেন (৪৭) নামের এক মাদকব্যবসায়ী আটক করেন।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বিভিন্ন জায়গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম ও বিজিবির একটি টিম জীবননগর উপজেলার বিভিন্ন স্থানে মাদকের বিরুদ্ধে যৌথ অভিযান করে।

এসময় গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী গ্রাম থেকে মৃত আব্দুর লতিফের ছেলে এলাকার চিহ্নিত মাদক ব্যবসায়ী ফারুক হোসেনকে ১ কেজি গাঁজাসহ তার নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হোসেন খান বলেন,আজ সকাল থেকেই জীবননগর উপজেলার বিভিন্নস্থানে আমাদের একটি টিম এবং বিজিবির একটি টিম মাদক বিরোধী যৌথ অভিযান পরিচালনা করি।

এসময় গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী গ্রাম থেকে মৃত আব্দুর লতিফের ছেলে চিহ্নিত মাদক ব্যবসায়ী ফারুক হোসেনকে ১ কেজি গাঁজাসহ তার নিজ বাড়ি থেকে আটক করা হয়।
আসামীর কাছ থেকে আমরা আরো অনেক তথ্য পেয়েছি। সে সরাসরি ভারত থেকে গাঁজা কিনে দেশের বিভিন্নস্থানে বিক্রি করে। উক্ত আসামীর বিরুদ্ধে জীবননগর থানায় একটি নিয়মিত মামলার রুজু করা হয়েছে।

জীবননগরে নার্সিং ও মিডওয়াইফারি সংস্কার পরিষদের স্মারকলিপি প্রদান

জীবননগরে এক দফা দাবি বাস্তবায়নে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর স্মারকলিপি প্রদান করেছেন জীবননগর নার্সিং ও মিডওয়াইফারি সংস্কার পরিষদ।

আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা নারায়ণ চন্দ্র পালের কাছে স্মারকলিপি প্রদান করেন সংগঠনের নেতারা। এর আগে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নার্সিং ও মিডওয়াইফারি সংস্কার পরিষদের নেতৃবৃন্দ মানববন্ধন করেন।

স্মারকলিপি প্রদানকালে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নার্সিং সুপারভাইজার রানু খাতুন, সিনিয়র স্টাফ নার্স তাহমিনা খাতুন, শান্তনী খাতুন, জয়নব খাতুন, নাছরিন খাতুনসহ প্রমুখ।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নার্সিং সুপারভাইজার

মোছাঃ রানু খাতুন জানান, সারাদেশের ন্যায় জীবননগরেও এক দফা দাবি বাস্তবায়নে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর স্মারকলিপি প্রদান করা হয়েছে। আমরা চাই নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের প্রেসিডেন্ট ও রেজিস্টার পদ থেকে প্রশাসন ক্যাডারদের অপসারণ করে ওই পদগুলোতে দক্ষ ও অভিজ্ঞ নার্সদের পদায়ন করা হোক।

প্রসঙ্গত, এক দফা দাবিতে গত ৯ সেপ্টেম্বর থেকে বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করে আসছে নার্সিং ও মিডওয়াইফারি সংস্কার পরিষদ।

জীবননগরে শিক্ষকদের জাতীয়করনের দাবিতে মানববন্ধন ও স্মারকলিপি প্রদান

জীবননগরে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জাতীয়করণ, জাতীয়করণের পূর্ব পযন্ত শিক্ষা প্রশাসনের বিভিন্ন পদে সরকারি স্কুলের শিক্ষকদের পদায়ন বন্ধ রাখা ও শিক্ষা সংস্কার কমিশন গঠনের দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৪ সেপ্টেম্বর) সকাল ১১টার সময় জীবননগর বেসরকারি মাধ্যমিক শিক্ষক কর্মচারী সমিতির আয়োজনে জীবননগর মেইন বাসস্টান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

জীবননগর বেসরকারি মাধ্যমিক শিক্ষক কর্মচারী সমিতির ভারপ্রাপ্ত সভাপতি পাভেল মেহমুদ আব্দুর রবের সভাপতিতে মানববন্ধনের বক্তব্য রাখেন, হাসাদা ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আখতারুজ্জামান, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুৎফর রহমান, কাশিপুর মাধ্যমিক বিদ্যালয় প্রধান শিক্ষক শরিফ উদ্দিন, জান্নাতুল খাদরা মাদরাসার সুপার মাওলানা শরিফুল ইসলাম, শাপলা কলি মাধ্যমিক

বিদ্যালয়ে প্রধান শিক্ষক বাকি বিল্লাহ, মিনাজপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল বাশার, সিংনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফারুক হোসেন, পাকা দারুস সালাম দাখিল মাদ্রাসার সুপার ওয়াহিদুজ্জামান, ধোপাখালি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবুর রহমান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর উপজেলা বেসরকারি মাধ্যমিক শিক্ষক কর্মচারী সমিতির সাধারন সম্পাদক আবুল হাশেম। মানববন্ধন শেষে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার নারায়ণ চন্দ্র পালের নিকট শিক্ষক সমিতির পক্ষ থেকে স্মারকলিপি প্রদান করা হয়।